

আপডেট : ২৯ ফেব্রুয়ারি, ২০১৬ ০৩:০২

নারী উদ্যোক্তাদের বিশেষ সহায়তা দেবে ব্যাংক : গভর্নর

নিজস্ব প্রতিবেদক

নারী উদ্যোক্তাদের বিশেষ সহায়তা দেবে ব্যাংক : গভর্নর

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, বাংলাদেশ ব্যাংক নারী উদ্যোক্তাদের বিশেষ সহায়তা দেবে। সারা দেশে নারীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে আরও সম্পৃক্ততা বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। এর মধ্যে নারীবান্ধব এসএমই নীতিমালা প্রণয়ন করা হয়েছে। নীতিমালার আওতায় দেশের ব্যাংকগুলো নিজেদের প্রতিটি শাখা হতে প্রতিবছর অন্তত একজন নারী উদ্যোক্তাকে আর্থিক ঋণ সুবিধা প্রদান করছে। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত কুটির/হস্তশিল্প ও পাটজাত বহুমুখী পণ্য উত্পাদনে সম্পৃক্ত নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। গভর্নর বলেন, দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিদ্যমান ঋণ সুবিধা প্রাপ্তির জন্য নারী উদ্যোক্তাদের এগিয়ে আসতে হবে। বাংলাদেশ ব্যাংক স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সিপ) প্রকল্পের আওতায় ১০ হাজার নতুন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদানের জন্য একটি প্রকল্প গ্রহণ করেছে।

তহবিল থেকে উদ্যোক্তাদের ঋণ সুবিধা প্রাপ্তির বিষয়টি নিশ্চিতকরণের জন্য ঢাকা চেম্বারও সহযোগিতা করতে পারে। ২০১৫ সালে বাংলাদেশ ব্যাংক ১ লাখ ১৫ হাজার ৮৭০ কোটি টাকার এসএমই ঋণ প্রদান করেছে, যার ৫২ শতাংশই পেয়েছে সোয়া এক লাখ নতুন উদ্যোক্তা। তিনি বাংলাদেশ ব্যাংক স্থাপিত হট লাইন (১৬৩২৬) ও ফেসবুক ব্যবহারের মাধ্যমে উদ্যোক্তাদের সমস্যা বাংলাদেশ ব্যাংককে জানানোর অনুরোধ করেন। তিনি বলেন, সমস্যা জানালে আমরা দ্রুত তা সমাধানের পদক্ষেপ নেব।

Print